

(৬) ক্যাটাগরী (৬) : মাছ ব্যতীত অন্যান্য জলজপ্রাণী, উভচর প্রাণী, কচ্ছপ ও কাঁকড়া জাতীয় (Crustacean), শামুক বা কিন্নক জাতীয় (Mollusc) জলজ প্রাণী, একাইনোডার্মস জাতীয় সামুদ্রিক প্রাণী, ব্যাঙ (Frogs) এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তক, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অন্য কোন জলজ প্রাণীর হ্যাচারির জন্য উপ-বিধি (১) এ উল্লিখিত সাধারণ শর্তাবলীর অতিরিক্ত শর্তাবলী হইবে নিম্নরূপ, যথা :—

- (১) ব্রুড প্রতিপালনের জন্য উপযুক্ত জলাধার থাকিতে হইবে;
- (২) উপযুক্ত পরিপক্বন জলাধার (Maturation tank) থাকিতে হইবে;
- (৩) প্রজননের জন্য উপযুক্ত জলাধার থাকিতে হইবে;
- (৪) উপযুক্ত লালন-পালন ট্যাংক থাকিতে হইবে।

৫। আবেদন ফি, নিবন্ধন ফি ও নবায়ন ফি।—এই বিধিমালার অধীন মৎস্য হ্যাচারি পরিচালনার জন্য আবেদন ফি, নিবন্ধন ফি ও নবায়ন ফি বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী নিম্নবর্ণিত হাতে প্রদেয় হইবে, যথা :—

ক্রঃ নং	হ্যাচারি ক্যাটাগরি	ফি (টাকা)		
		আবেদন ফি (টাকা)	নিবন্ধন ফি (টাকা)	নবায়ন ফি (টাকা)
১	২	৩	৪	৫
(১)	ক্যাটাগরি (১) : কার্প মাছের রেণু উপাদান হ্যাচারি	১০০	২০০০	১০০০
(২)	ক্যাটাগরি (২) : গলদা ও বগদা চিংড়ি পিএম উপাদান হ্যাচারি	১০০	৫০০০	৩০০০
(৩)	ক্যাটাগরি (৩) : দেশীয় অন্যান্য মাছের হ্যাচারি (Percid, কাটাফির, স্নেকহেড (Snake-head))	১০০	২০০০	১০০০
(৪)	ক্যাটাগরি (৪) : মনোসেস তেলাপিয়ায় হ্যাচারি	১০০	২০০০	১০০০
(৫)	ক্যাটাগরি (৫) : বাহারী মাছের হ্যাচারি	১০০	১০০০	৫০০
(৬)	ক্যাটাগরি (৬) : মাছ ব্যতীত অন্যান্য জলজ প্রাণীর হ্যাচারি	১০০	২০০০	১০০০